

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
 বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট  
 শিক্ষা ভবন, ঢাকা

বিষয়: ২০২৩-২০২৪ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নেতৃত্বে কমিটির ত্যও ত্রৈমাসিক সভার কার্যবিবরণ।

সভাপতি	: জনাব মোছাঃ নূরজাহান খাতুন (অতিরিক্ত সচিব), মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)।
তারিখ	: ০৪ মার্চ, ২০২৪ খ্রি।
সময়	: সকাল ১০.০০টা
স্থান	: সভাকক্ষ, সিপিইআইইউএম, শিক্ষা ভবন, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলো।

২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। এছাড়া ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ পর্যালোচনা করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ;	বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণের বিষয়ে আলোচনা করা হয়।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্মকর্তা
২.	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন।	বিকল্প ফোকাল পয়েন্ট জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১.৪ কার্যক্রম অনুযায়ী চলতি অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিকে প্রশিক্ষণ আয়োজনের কর্মপরিকল্পনা রয়েছে। ইতোমধ্যে ২য় ত্রৈমাসিকে ইউনিটের কর্মকর্তা ও তৃতীয় শ্রেণির কর্মচারীদের জন্য 'সরকারি চাকরি আইন, ২০১৮' ও চতুর্থ শ্রেণির কর্মচারীদের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, নেতৃত্বে ও মূল্যবোধ ও সরকারি চাকরি আইন, ২০১৮' বিষয়ে দিনব্যাপী প্রশিক্ষণ সম্পর্ক হয়েছে। চতুর্থ ত্রৈমাসিকে অবশিষ্ট একটি প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১.৪ কার্যক্রম অনুযায়ী ৪র্থ ত্রৈমাসিকে নির্ধারিত প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও অর্থ)
৩.	২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত ক্রয়- পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ।	ইউনিটের ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব বাজেটের ক্রয়-পরিকল্পনা প্রণয়নপূর্বক অনুমোদন করে ইউনিটের ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে আলোচনা করা হয়। বিগত সভায় ইউনিটের পরিচালক (প্রশাসন ও অর্থ) ও হিসাবরক্ষণ কর্মকর্তাকে পিপিআর-২০০৮ এর তফসিল ৫-এ বর্ণিত ফর্ম অনুসরণ করে রাজস্ব বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা প্রণয়ন ও অনুমোদনপূর্বক ওয়েবসাইটে প্রকাশের দায়িত্ব প্রদান করা হয়। কিন্তু অদ্যাবধি বর্ণিত কর্মকর্তাদ্বয়ের নিকট থেকে ক্রয়-পরিকল্পনা পাওয়া যায়নি। তাঁদেরকে পুনরায় তাগিদ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।	ইউনিটের ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব বাজেটের ক্রয়-পরিকল্পনা প্রণয়ন ও অনুমোদনপূর্বক ইউনিটের ওয়েবসাইটে বিধিমতে নিয়মিত প্রকাশের জন্য পরিচালক (প্রশাসন ও অর্থ) ও হিসাবরক্ষণ কর্মকর্তাকে তাগিদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও অর্থ) ও হিসাবরক্ষণ কর্মকর্তা
৩.	অধীনস্ত শাখা পরিদর্শনসহ	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৩.৪ কার্যক্রম অনুযায়ী প্রতি	প্রতি ত্রৈমাসিকে পরিচালক (প্রশাসন ও অর্থ)/উপপরিচালক	পরিচালক (প্রশাসন ও

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	পেন্ডিং/অনিষ্পত্তি/অনিয়মের উপর জবাবদিহিমূলক ব্যবস্থা গ্রহণ।	ত্রৈমাসিকে পরিচালক (প্রশাসন ও অর্থ)/উপপরিচালক (প্রশাসন)/উপপরিচালক (অর্থ ও হিসাব) কর্তৃক অধীনস্থ শাখাসমূহ পরিদর্শন করে পেন্ডিং ও অনিয়ম/অনিষ্পত্তি প্রাপ্ত অনিয়মের উপর জবাবদিহিমূলক ব্যবস্থা গ্রহণ নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়।	(প্রশাসন/অর্থ ও হিসাব) কর্তৃক অধীনস্থ শাখাসমূহ পরিদর্শন করে পেন্ডিং ও অনিয়ম/অনিষ্পত্তি প্রাপ্ত অনিয়মের উপর জবাবদিহিমূলক ব্যবস্থা গ্রহণ নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়।	অর্থ)/ উপপরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (অর্থ ও হিসাব)

৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


স্বাক্ষরিত/-  
মোছাই নুরজাহান খাতুন  
(অতিরিক্ত সচিব),  
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)।  
ফোন: +৮৮০-২-৪১০৫০৩৮৯  
ই-মেইল: [cpeimu2011@gmail.com](mailto:cpeimu2011@gmail.com)

স্মারক নং-৩৮.২০৫.০০১.০০.০০৮.২০১৩. ৮০৮

তারিখ: ১৯ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
২০ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি: কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক (মনিটরিং-১/২), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপপরিচালক (প্রশাসন), এ ইউনিট। কার্যবিবরণীটি ইউনিটের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ০৪। সহকারী পরিচালক (প্রশাসন), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
- ০৫। আইন কর্মকর্তা, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
- ০৬। হিসাবরক্ষণ অফিসার, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
- ০৭। জনাব/বেগম ..... , বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।  
(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৯। অফিস কপি।

  
মোঃ কামাল হোসেন  
পরিচালক, প্রশাসন ও অর্থ  
(অতিরিক্ত দায়িত্ব)  
ফোন: +৮৮০-২-৪১০৫০৩৯১  
ই-মেইল: [cpeimu2011@gmail.com](mailto:cpeimu2011@gmail.com)